স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১৪ ও জুন, ২০১৫

বাংলা (Bengali)

সহায়ক পাঠক্রম (Subsidiary)

তৃতীয় পত্র [(S-3) SBG-III : Upanyas-Chhoto Golpo-Probondho-Natak]

সময় ঃ তিন ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ২ = ৪০

(ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসের নবকুমার ও মতিবিবি চরিত্রদুটির বিশ্লেষণ করুন।

(খ) রাঢ়বঙ্গের প্রকৃতি ও মানুষের সঙ্গে তারাশঙ্করের যে গভীর পরিচয় ছিল, তারিণী মাঝি গল্পে তা কীভাবে প্রতিফলিত হয়েছে দেখান।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(গ) রাজতান্ত্রিক ও প্রজাতান্ত্রিক শাসনব্যবস্থা সম্পর্কে বিবেকানন্দ তাঁর 'শূদ্র জাগরণ' প্রবন্ধে যে আলোকপাত করেছেন তার পরিচয় দিন।

(ঘ) 'নবান্ন' নাটকের মঞ্চ, আলো, আবহসঙ্গীত এবং অন্যান্য নেপথ্য বিধান সম্পর্কে লিখুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) 'নিয়মের রাজত্ব' প্রবন্ধটিতে বিজ্ঞান ও দর্শনের মধ্যে সমন্বয় কীভাবে ঘটেছে আলোচনা করুন।

(খ) 'বই কেনা' রচনাটির মাধ্যমে মুজতবা আলী বাঙালিকে বই কেনায় অভ্যস্ত করে তুলতে বিভিন্ন মজাদার ঘটনার উল্লেখ করেছেন। নিজের ভাষায় ঘটনাগুলির সংক্ষিপ্ত পরিচয় দিন।

(গ) 'নবান্ন' নাটকটির বিষয়বস্তু, উপস্থাপনা এবং চরিত্র পরিকল্পনায় সামাজিক দুর্গতি ও জনমানসের প্রতিবাদী স্বরের যুগপৎ প্রতিফলন ঘটেছে। — আলোচনা করুন।

(ঘ) 'চড়ক' নিবন্ধটিতে কালীপ্রসন্নের ভাষারীতি সম্পর্কে আলোচনা করুন।

(ঙ) বঙ্কিমচন্দ্রের অভিমত অনুসারী গীতিকবিতা ও নাটকের বিষয়বস্তুর তুলনামূলক আলোচনা করুন।

(চ) 'সুন্দরম্' গল্পের সুকুমার ছেলেটি শয়তান না মনোবিকারগ্রস্ত — বুঝিয়ে লিখুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) মেটে আলু তুলে আনা নিয়ে সহায়হরি ও অন্নপূর্ণার কী কথাবার্তা হয়েছিল ? এ প্রসঙ্গে সহায়হরি চরিত্রটির বৈশিষ্ট্য দেখান।

(খ) পুরুতমশাই ও দৈবজ্ঞী সুকুমারের বিবাহ সম্পর্কে কী কী অভিমত দিয়েছিলেন লিখুন।

(গ) মহানিয়ম বলতে প্রাবন্ধিক রামেন্দ্রসুন্দর ত্রিবেদী কী বুঝিয়েছেন ?

(ঘ) ''যে যত বেশি ভুবন সৃষ্টি করতে পারে যন্ত্রণা এড়াবার ক্ষমতা তার ততই বেশি হয়।'' — আলোচনা করুন।

(ঙ) ''আমার অন্তর জল্লো গেছে রে কুঞ্জ,'' — বক্তা কে ? কুঞ্জকে একথা বলার কারণ কী ?

(চ) গণনাট্য আন্দোলন কী ? প্রাথমিকভাবে কারা এই আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন ?

(ছ) সীতা বর্জনকালে রামচন্দ্রের মনোভাব ব্যক্ত করতে বাল্মীকি ও ভবভূতির শিল্পরূপের সম্পর্কে আলোকপাত করুন।

(জ) মেজবৌ গরিবের ঘরের মেয়েটির মাথাটি খেতে বসলেন — এটা কার উক্তি ? এর তাৎপর্য কী ?